Queensland Government
Queensland Health

বিনা মূল্যে আপনার শিশুর শ্রবণ পরীক্ষণ

স্বাভাবিক শ্রবণ কর্মসুচীর লক্ষ্য হল স্থায়ী শ্রবণ প্রতিবন্ধকতা নিয়ে জন্ম গ্রহন করা শিশুদের চিহ্নিত করা। ২০০৬ সালের শেষের দিকে এই সেবা কুইন্সল্যান্ডে জন্ম নেওয়া সকল শিশুর জন্য উন্মুক্ত করা হবে এবং তা বিনা মূল্যে প্রদান করা হবে।

Queensland Government
Queensland Health

শ্রবণ ও বাকশক্তির উপর নজর রাখার জন্য প্রয়োজনীয় বিষয়গুলির তালিকা

জন্মের পর থেকে তিন মাস বয়স পর্যন্ত

- ☐ পরিচিত আওয়াজ বা কণ্ঠস্বর শুনলে সাড়া দেয়।
- ☐ হঠাৎ কোন শব্দ হলে চমকে যায় বা লাফিয়ে উঠে।

৩ থেকে ৬ মাস বয়স পর্যন্ত

- ☐ মজার কোন শব্দের দিকে মাথা ঘুড়ায় কিংবা সেই দিকে তাকায়।
- ☐ কথা শুনছে বলে মনে হয়।
- ☐ শব্দ হলে সহজেই ঘুম ভেঙ্গে যায়।
- ☐ কথা বলার মত করে শব্দ করতে শুরু করে।

৬ থেকে ১২ মাস পর্যন্ত

- ☐ 'না' এবং 'বাই-বাই' এর মত সহজ শব্দ গুলো বুঝতে পারে।
- ☐ কথা অনুকরণ করতে শুরু করে।
- ☐ হালকা শব্দের দিকে মাথা ঘুড়ায়।

১২ থেকে ১৮ মাস পর্যন্ত

- ☐ প্রতি সপ্তাহে আরো কিছু কিছু নতুন শব্দ বুঝতে শুরু করে।
- ☐ জিজ্ঞাসা করলে কোন মানুষকে, শরীরের কোন অঙ্গ অথবা খেলনাকে আঙুল দিয়ে দেখিয়ে দেয়।
- ☐ সাধারন কিছু নির্দেশ পালন করে যেমন 'বস'

আপনার শিশুর শ্রবণ শক্তি নিয়ে কোন দুশ্চিন্তা থাকলে শিশুর ডাক্তারের সাথে কিংবা এলাকার ক্লিনিকের কর্মচারীদের সাথে যোগাযোগ করুন।

আপনার শিশুর শ্রবণ পরীক্ষণ

শিশুর বাকশক্তি ও মুখের ভাষা গড়ে তোলার জন্য তার জীবনের প্রথম কয়েক মাস থেকেই স্বাভাবিক শ্রবণ অত্যন্ত আবশ্যক। ১০০০টি শিশুর মধ্যে একটি বা দুটি শিশুর উলেখযোগ্য শ্রবণ প্রতিবন্ধকতা থাকে।

যদি শ্রবণ প্রতিবন্ধকতা প্রথম অবস্থায় ধরা না পরে তবে তা আপনার শিশুর বাক শক্তি, ভাষা এবং ভবিষ্যতে স্কুলের লেখাপড়ায় প্রভাব ফেলতে পারে।

শ্রবন পরীক্ষনে অংশগ্রহনকারী

....

তারিখ ....

সময় ....

স্থান ....

শিশুর স্বাস্থ্য পরীক্ষার একটি অংশ

স্বাভাবিক শ্রবণ কর্মসূচীর লক্ষ্য হল স্থায়ী শ্রবণ প্রতিবন্ধকতা নিয়ে জন্ম গ্রহন করা শিশুদের চিহ্নিত করা। ২০০৬ সালের শেষের দিকে এই সেবা কুইন্সল্যান্ডে জন্ম নেওয়া সকল শিশুর জন্য উন্মুক্ত করা হবে এবং তা বিনা মূল্যে প্রদান করা হবে।

জন্মের পর পরই আপনার শিশুকে অনেক প্রকারের স্বাস্থ্য পরীক্ষা প্রদান করা হবে। তার মধ্যে একটি পরীক্ষা হলো শ্রবণ প্রতিবন্ধকতা নিরুপন করার জন্য। জন্মের পর পরই যত তাড়াতাড়ি সম্ভব পরীক্ষাটি করিয়ে নেয়া উচিৎ। আপনার ও শিশুর হাসপাতাল ত্যাগের পূর্বে যদি পরীক্ষাটি না সম্পন্ন করা হয় তাহলে পরবর্তীতেও ঘরে ফেরার পর পরই বর্হিগামী রোগী হিসাবে শিশুকে পরীক্ষা করিয়ে নেওয়া যেতে পারে।

পরীক্ষাটি কিভাবে করা হয়?

শ্রবণ শক্তির পরীক্ষাটি বাচ্চাকে কোন প্রকার আঘাত দেয়না।একজন সেবিকা অথবা শ্রবণ পরীক্ষনে প্রশিক্ষিত কোন ব্যক্তি পরীক্ষাটি করবেন যখন আপনার শিশু শান্ত অথবা ঘুমন্ত অবস্থায় থাকবে। কয়েকটি ছোট প্যাড আল্‌তো করে আপনার শিশুর মাথায় স্থাপন করে একটি কোমল ইয়ার ফোন আলতো করে প্রতিটি কানে স্থাপন করা হবে। তারপরে হালকা ঠুক ঠুক শব্দ আপনার বাচ্চার কানে বাজানো হবে।প্যাড গুলোর মাধ্যমে শব্দের কারনে আপনার বাচ্চার প্রতিক্রিয়াগুলো ধারণ (রেকর্ড) করা হবে।

আমি কখন পরীক্ষাটির ফলাফল জানতে পারবো?

পরীক্ষাটির ফলাফল সঙ্গে সঙ্গে জানতে পারবেন এবং তা আপনার শিশুর ব্যক্তিগত স্বাস্থ্য নথিপত্রে লিপিবদ্ধ করা হবে। যে ব্যক্তি পরীক্ষাটি করবেন তিনিই আপনার সাথে ফলাফল নিয়ে আলোচনা করবেন।আপনি কোন বিষয়ে অনিশ্চিত থাকলে প্রশ্ন করবেন।

পরীক্ষাটি আপনাদেরকে কি তথ্য প্রদান করতে সক্ষম?

প্রতিটি কানের জন্য পরীক্ষাটি হয় 'পাস' কিংবা 'রেফার' ফলাফল প্রদান করবে। পরীক্ষাটি আপনার শিশুর শ্রবণের উপর বিস্তারিত কোন তথ্য দিবে না।

'পাস' ফলাফলের তাৎপর্য কি?

উভয় কানে 'পাস' ফলাফলের অর্থ এই যে আপনার শিশুর বাক ও ভাষা প্রভাবিত করতে পারে এমন শ্রবণ ঘাটতি সম্ভবত নেই। পরীক্ষাটি প্রাথমিক ভাবে 'পাস' করলেও অল্প সংখ্যক কিছু শিশুর ক্ষেত্রে বিলম্বে দেখা দেয় এমন কিছু ধরনের শ্রবণ ঘাটতি ঘটার আশংকা থাকে। এই ক্ষেত্রে আপনার শিশুকে তার প্রথম জন্মদিনের কিছু আগে অডিও লজিষ্ট দ্বারা পরীক্ষিত হওয়ার সুযোগ প্রদান করা হবে। আপনার শিশুর কিছু নির্দিষ্ট প্রয়োজন অনুযায়ীই এই সময় নির্ধারন করা হবে। যদিও এই ধরনের আশংকাগ্রস্থ শিশুদের মধ্যে খুবই অল্প সংখ্যক শিশুদের শ্রবণ ঘাটতি দেখা দিবে তা স্বত্ত্বেও আপনার শিশুর জন্য এই পরীক্ষাটি নিশ্চিত করা আবশ্যক। মনে রাখবেন যে সময়ের সাথে বাচ্চাদের শ্রবণ শক্তি পরিবর্তিত হয়। যদি কোন সময় আপনার শিশু বা সন্তানের শ্রবণ সর্ম্পকে কোন দুশ্চিন্তায় ভোগেন, তাহলে আপনার এলাকার চিকিৎসা কেন্দ্রের ডাক্তার কিংবা সাস্থ্য কর্মীর সাথে যোগাযোগ করুন। শিশুদের কিংবা যে কোন বয়সের শিশু-কিশোরদের উপর শ্রবণ পরীক্ষাটি করা যায়।

'রেফার' ফলাফলটির তাৎপর্য কি ?

শ্রবণ পরীক্ষনে 'রেফার' ফলাফল হওয়ার নানাবিধ কারণ থাকতে পারে।

- পরীক্ষাটির সময় আপনার বাচ্চাটি অস্থির ছিলো।
- ঈরীক্ষাটি চলাকালে হয়তো বাইরে সোরগোল হচ্ছিল।
- জন্মের পর আপনার শিশুর কানে কোন তরল বা সাময়িক বদ্ধতা হয়ে থাকতে পারে।
- অল্প সংখ্যক কিছু শিশুর সাময়িক অথবা চিরস্থায়ী শ্রবণ প্রতিবন্ধকতা থাকতে পারে। শ্রবণের ঘাটতি মৃদু আকার থেকে বেশ গুরুতর পর্যায়ের হতে পাওে।

যদি আপনার শিশুর শ্রবণ পরীক্ষায় একটি কিংবা উভয় কানের জন্য ফলাফল 'রেফার' আসে তাহলে দ্বিতীয় বারের মত উভয় কানের পরীক্ষা করা হবে।

যদি আপনার শিশুর দ্বিতীয় পরীক্ষাটিতেও একটি কিংবা উভয় কানের জন্য ফলাফল 'রেফার' আসে তাহলে আপনাকে অডিও লজিষ্টের কাছে পরীক্ষা গ্রহনের সুযোগ দেওয়া হবে এবং আপনাকে অতিরিক্ত আরেকটি (ব্রোসিওর) পুস্তিকা দেওয়া হবে যাতে এই বিষয়টির ব্যাখ্যা আরো বিস্তারিত ভাবে দেওয়া হয়েছে।

আমি কোথায় আরো তথ্য পেতে পারি ?

আপনার শিশুর শ্রবণ পরীক্ষা বিষয়ক আরো তথ্য জানতে চাইলে আপনার এলাকাস্থিত হাসপাতাল, আপনার বাচ্চার ডাক্তার কিংবা এলাকার স্বাস্থ্য কেন্দ্রের কর্মীর সাথে যোগাযোগ করুন।